## আজকের খেলা

**আইএসএল**

এসসি ইস্টবেঙ্গল বনাম এটিকে মোহনবাগান । সন্ধে ৭.৩০ । তিলক ময়দান, গোয়া

মুম্বই সিটি বনাম হায়দরাবাদ এফসি । রাত ৯.৩০ । ফতোরদা স্টেডিয়াম, গোয়া



▸▸ ইন্দোনেশিয়া ওপনের সেমিফাইনালে উঠলেন পিভি সিন্ধু। কোয়ার্টার ফাইনালে দক্ষিণ কোরিয়ার সিম ইওজিনের বিরুদ্ধে ১ ঘণ্টা ৬ মিনিটের ম্যাচে জিতলেন সিন্ধু। খেলার ফল ১৪-২১, ২১-১৯, ২১-১৪।

# আজ মহাযুদ্ধ

## শক্তি অনুযায়ী খেলব: দিয়াজ

■ ডার্বির আগের ম্যাচে জিততে না পারায় তাঁদের অনেকে বড়ো ম্যাচে ‘আন্ডারডগ’ মনে করছেন। তাতে অবশ্য কোনো আপত্তি নেই এসসি ইস্টবেঙ্গলের স্প্যানিশ কোচের। মহারণের আগে ভার্চুয়াল সাংবাদিক বৈঠকে তিনি স্পষ্ট জানিয়ে দিলেন, তাঁর দল তৈরি। বিপক্ষে রয় কৃষ্ণা, হুগো বুমৌসের মতো দুই ‘গোলমেশিন’ থাকলেও ঘাবড়ে যাওয়ার কিছু আছে বলে মনে করেন না এসসি ইস্টবেঙ্গলের হেডমাস্টার হোসে ম্যানুয়েল দিয়াজ।

**প্রশ্ন: আপনার কাছে কলকাতা ডার্বির গুরুত্ব কতটা?**

**দিয়াজ:** কলকাতা ডার্বি আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। এই ম্যাচের কী মাহাত্ম্য, তা খুব ভালো করে জানি। স্পেন ও মেক্সিকোতেও সেখানকার অনেক ডার্বি দেখেছি। আমাদের কাছে এটা লিগের দ্বিতীয় ম্যাচ। তবে এই নিয়ে কোনো অজুহাত দিতে চাই না। আমরা আমাদের সেরাটা দেওয়ার চেষ্টা করব। এটিকে মোহনবাগান খুবই ভালো দল। ওদের একজন ভালো কোচ আছেন, যিনি আইএসএলে যথেষ্ট অভিজ্ঞ। আমাদেরও ভালো খেলতে হবে। মাঠে যথাসম্ভব কম ভুল করতে হবে ও বিপক্ষের দুর্বলতাগুলোকে কাজে লাগাতে হবে।

**এই ম্যাচে ড্যারেন সিডোলকে কি খেলাবেন?**

▸▸ ড্যারেন অবশ্যই একজন ভালো ফুটবলার ও দলের একজন গুরুত্বপূর্ণ সদস্য। শনিবারের ম্যাচে দলের সব সদস্যই খেলার অবস্থায় রয়েছে।

**নিজেদের কি আন্ডারডগ মনে করছেন আপনারা?**

▸▸ আন্ডারডগ তকমাটা আমাদের গায়ে সেঁটে দিলেও কোনো অসুবিধা নেই। আমরা আমাদের শক্তি অনুযায়ী খেলব। এটিকে মোহনবাগান যদিও গত মরসুমে ভালো খেলেছিল আর ওদের অনেকেই গত কয়েকটি মরসুম ধরে একসঙ্গে খেলছে, তবে আমরা ওদের বিরুদ্ধে নামার জন্য তৈরি।

**কোন ফর্মেশনে দলকে খেলানোর কথা ভাবছেন?**

▸▸ অনেকগুলো ফর্মেশনই আমাদের তৈরি রয়েছে। যেহেতু আমাদের কম সময়ে অনেকগুলো ম্যাচ খেলতে হবে, তাই সব পথই খোলা রাখছি।

**রয় কৃষ্ণা ও হুগো বুমৌস জুটিকে সামলাবেন কী ভাবে? জোনাল বা ম্যান মার্কিং করবেন?**

▸▸ নির্ভর করবে ম্যাচে কখন কী পরিস্থিতি আসবে, বল কোথায় থাকবে, তার ওপর। বল যদি আমাদের বক্সের কাছাকাছি থাকে, তা হলে ম্যান মার্কিংয়ে যাব।

**রয় ও হুগোর জন্য কি নির্দিষ্ট কিছু পরিকল্পনা আছে আপনাদের?**

▸▸ আমরা তো রয়, হুগোর বিরুদ্ধে খেলছি না, এটিকে মোহনবাগানের বিরুদ্ধে খেলছি। হ্যাঁ, এটা ঠিকই যে ওরা দুজনেই ভালো ফুটবলার, যারা গোল করতে পারে। তবে শুধু ওদের আটকানোর চেষ্টা না করে আমরা ওদের পুরো দলটাকে আটকানোর চেষ্টা করব।

*সৌজন্যে: আইএসএল*





“আমরা যথেষ্ট পরিশ্রম করেছি। প্রতিটা বলের জন্য লড়াই করব আমরা। নিজেদের উজাড় করে দেব।”

— পর্চে
এসসি ইস্টবেঙ্গল ফুটবলার

“দলের জয়টাই আমার কাছে প্রধান লক্ষ্য। সে গোল করে হোক বা গোল করিয়ে বা ডিফেন্স করে।”

— রয় কৃষ্ণা
এটিকে এমবি ফুটবলার

## পরিকল্পনা করেই খেলাব: হাবাস

■ প্রথম ম্যাচে কেরালা ব্লাস্টার্সকে হারানোর পরে আত্মবিশ্বাসে টগবগ করে ফুটছে এটিকে মোহনবাগান শিবির। তবে তাদের স্প্যানিশ কোচ আন্তোনিও লোপেজ হাবাস সতর্ক। হাবাস এদিন সাংবাদিক সম্মেলনে বলেন, ছেলেদের সাবধান করে দিয়েছেন, গত ম্যাচের ভুল যেন আর না হয়। সাংবাদিক বৈঠকে যা বললেন এটিকে মোহনবাগান কোচ অ্যান্তোনিও লোপেজ হাবাস।

**প্রশ্ন: আপনারা কোনো প্র্যাকটিস ম্যাচ খেলেননি। প্রথম ম্যাচে জিতেছেন। রহস্যটা কী?**

**হাবাস:** এই পরিবেশ-পরিস্থিতিতে প্রস্তুতি ম্যাচ খেলার প্রয়োজনীয়তা বোধ করিনি। নিজেদের মধ্যে প্রস্তুতি ম্যাচ খেলাটা বরং বেশি কার্যকরী। পেশাদাররা কখনো একই ভুল প্রতি মরসুমে করে না। সে জন্যই এই সিদ্ধান্ত নিই।

**আপনার কি মনে হয়, আপনারা ডার্বিতে এগিয়ে রয়েছেন?**

▸▸ এসসি ইস্টবেঙ্গল এবার একেবারে নতুন দল গড়েছে, নতুন কোচও। এই অবস্থায় থিতু হতে অন্তত এক বছর লেগে যায়। কিন্তু ভারতে সব কিছু খুব দ্রুত তৈরি করে নিতে হয়। এখানে চূড়ান্ত ফলকেই বেশি গুরুত্ব দেওয়া হয়। তাই এখানে কেউ এগিয়ে আছে, এ কথা বলা যাবে না। কেন কেউ এগিয়ে থাকবে? আমাদের কাছে এটা খুবই গুরুত্বপূর্ণ ম্যাচ। ম্যাচটা অন্য শহরে হচ্ছে, কোনো সমর্থক থাকবে না। দুই পক্ষের কাছেই খুব গুরুত্বপূর্ণ ম্যাচ।

**বুমৌস, রয়, লিস্টন, কাউকোর মতো অস্ত্র রয়েছে আপনার দলে। আক্রমণাত্মক খেলার পক্ষে কি যথেষ্ট নয়?**

▸▸ মনে করিয়ে দিই, অমরিন্দর, প্রীতম, প্রবীর, তিরিও আমার দলে রয়েছে। তিন-চারজনকে নিয়ে একটা দল হয় না। আমার কাছে সব খেলোয়াড়ই গুরুত্বপূর্ণ। সবার প্রতিই আমার সমান শ্রদ্ধা রয়েছে।

**গত বছর দু’টো ডার্বিতেই জিতেছিলেন। এ বারেও কি একই ফল হবে?**

▸▸ প্রত্যেক দিন যেমন একই কাজের একই ফল পাওয়া যায় না, তেমনই ইতিহাসের পুনরাবৃত্তি সব সময় হয় না।

**বড়ো ম্যাচ নিয়ে কি কোনো বিশেষ পরিকল্পনা আছে আপনার?**

▸▸ সব ম্যাচে তো আর সমান ভাবে খেলা যায় না। পরিস্থিতি, পরিবেশ ও বিপক্ষে কেমন খেলছে, সেই অনুযায়ী কৌশল বা পরিকল্পনা করে খেলাটাই নিয়ম। কোনো খেলোয়াড়ের হলুদ কার্ড আছে, তাকে কতটা খেলানো যাবে ইত্যাদি বিবেচনা করাও দরকার। তৎক্ষণাৎ এই বিষয়গুলো ঠিক করে নিতে হয়। এখানেও তা করতে হবে।

**সমর্থকদের কোনো বার্তা দেবেন?**

▸▸ জয় মোহনবাগান। ফুটবল উপভোগ করো সবাই।

*সৌজন্যে: আইএসএল*

## হার্দিককে অলরাউন্ডার ভাবতে রাজি নন কপিল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** একটা সময় হার্দিক পাণ্ড্যকে অলরাউন্ডার কপিল দেবের সঙ্গে তুলনা করা হত। কিন্তু সেই অবান্তর তুলনা এখন পুরোপুরি অর্থহীন হয়ে দাঁড়িয়েছে। হার্দিককে আর অলরাউন্ডার ভাবতেই নারাজ তিরাশির বিশ্বকাপজয়ী ভারত অধিনায়ক। কলকাতায় আরসিজিসিতে গল্ফ টুর্নামেন্টের অনুষ্ঠানে যোগ দিয়ে কপিল দেব বলেন, ‘অলরাউন্ডার হিসেবে তিনিই বিবেচিত হন, যিনি ব্যাটিং-বোলিং দুটোই করেন। হার্দিক যখন বোলিং করছেন না, তখন কেন তাঁকে অলরাউন্ডার বলা হবে? চোট সারিয়ে মাঠে ফিরে তিনি কেমন বোলিং করেন তা দেখার।’ হার্দিকের ব্যাটিং দক্ষতা নিয়ে কোনো সংশয় নেই কপিলের। অভিষেক টেস্টে শতরানকারী শ্রেয়স আইয়ারের প্রশংসা করে শনিবার কপিল বলেন, ‘যখন কোনো তরুণ ক্রিকেটার অভিষেকে শতরান করেন তখন বোঝা যায় সঠিক পথেই ক্রিকেট এগোচ্ছে। আমাদের আরো এমন ক্রিকেটার প্রয়োজন। চার-পাঁচ বছর শ্রেয়সকে অপেক্ষা করতে হয়েছে।’ দারুণ কোচ হিসেবে রাহুল দ্রাবিড় সফল হবেন বলেও আশাবাদী কপিল। তিনি বলেন, ‘দ্রাবিড় যেমন একদিকে ভালো মানুষ, তেমনই ভালো ক্রিকেটারও। ক্রিকেটে তিনি নিজের কেরিয়ারে যেমন সফল হয়েছেন, কোচ হিসেবে আরো বেশি সাফল্য পাবেন।’ ভারতে প্রফেশনাল গল্ফ ট্যুরের বোর্ড সদস্য হিসেবে কপিল এদিন রয়্যাল ক্যালকাটা গল্ফ কোর্সে এসেছিলেন আইসিসি আরসিজিসি ওপন গল্ফপ্রতিযোগিতা দেখতে।



■ শহরে কপিল দেব। রয়্যাল ক্যালকাটা গল্ফ ক্লাবে খেললেন গল্ফও

## দ্বিতীয় দিনে প্রাপ্তি শুধু শ্রেয়সের সেঞ্চুরি

**নিজস্ব সংবাদদাতা, কানপুর:** ঘরের মাঠে গর্জে ওঠার দরকার, ততটা হল না। শ্রেয়স আইয়ারের সেঞ্চুরি করলেও ভারত দৌড় থামল ৩৪৫ রানে। ভারতকে সাড়ে তিনশোর কম রানে আটকে পালটা লড়াইটাই জমিয়ে দিল নিউজিল্যান্ড। ২ দলের কাছেই এই ম্যাচ যে সহজ হবে না তা দ্বিতীয় দিনের শেষে অন্তত বলা যায়। প্রথম দিনের শেষে ভারতের স্কোর ছিল ৮৪ ওভারে ৪ উইকেটে ২৫৮। জাদেজা ফিরে যান ৫০ রানেই। তবে অভিষেক টেস্টে সাবলীল ছিলেন শ্রেয়স। থামলেন সেঞ্চুরি হাঁকিয়েই। করলেন ১০৫। ১৭১ বলের ইনিংসে রয়েছে ১৩ চার ও দুটি ছয়। ১৬ নম্বর ভারতীয় ব্যাটসম্যান হিসেবে অভিষেকের প্রথম ম্যাচে শতরান করলেন। তিনি ম্যাচ শেষে জানান, টেনশন ছিলই। তাই অভিষেক টেস্টের আগের রাতে ঘুমোতে পারেননি। ঋষভের পরিবর্তে খেলতে নামা ঋদ্ধিমান সাহা এদিন সুযোগের সদ্ব্যবহার করতে পারলেন না। মাত্র ১ রানে ফিরে যান তিনি। অশ্বিন ৩৮ রান করে আরো কিছুটা ভারতের রান এগিয়ে দিতে পারলেও অক্ষর ৩, ইশান্ত শূন্য রানে ফিরে যান। উমেশ অপরাজিত থাকেন ১০ রানে। এদিন ভারতের শেষ ৬ উইকেট কিউয়িরা তুলে ফেলে ৮৭ রানের মধ্যেই। এদিন সাউদি কামাল করে দেন। পরপর উইকেট পান তিনি। সাউদি মোট নেন ৫ উইকেট। জেমিসনের ৩ উইকেট। পালটা ব্যাট করতে নেমে শক্ত ভিত গড়তে থাকে কিউয়ি ওপনাররা। টম লাথাম ৫০ ও উইল ইয়ং ৭৫ রানে অপরাজিত থাকেন। দ্বিতীয় দিনের শেষে কোনো উইকেট না হারিয়ে নিউজিল্যান্ড তোলে ১২৯ রান। আজ তৃতীয় দিনের শুরুতে ভারতীয় বোলাররা দাপট দেখাতে পারেন কিনা, সেদিকেই নজর সকলের।

### অভিষেকেই শতরান

| | |
|---|---|
| লালা অমরনাথ | ১৯৩৩ |
| দীপক শোধন | ১৯৫২ |
| এজি কৃপাল সিং | ১৯৫৫ |
| আব্বাস আলি বেগ | ১৯৫৯ |
| হনুমন্ত সিং | ১৯৬৪ |
| গুন্ডাপ্পা বিশ্বনাথ | ১৯৬৯ |
| সুরিন্দর অমরনাথ | ১৯৭৬ |
| মহম্মদ আজহারউদ্দিন | ১৯৮৪ |
| প্রভীন আমরে | ১৯৯২ |
| সৌরভ গঙ্গোপাধ্যায় | ১৯৯৬ |
| বীরেন্দ্র সেহওয়াগ | ২০০১ |
| সুরেশ রায়না | ২০১০ |
| শিখর ধাওয়ান | ২০১৩ |
| রোহিত শর্মা | ২০১৩ |
| পৃথ্বী শ | ২০১৮ |
| শ্রেয়স আইয়ার | ২০২১ |



### স্কোর বোর্ড

**ভারত বনাম নিউজিল্যান্ড**

**প্রথম টেস্ট (দ্বিতীয় দিন)**

**ভারত: ৩৪৫ (১১১.১)**

**নিউজিল্যান্ড: ১২৯/০ (৫৭)**

প্রথমদিন ভারতের ২৫৮/৪ পর থেকে

**ভারত প্রথম ইনিংস**

| | |
|---|---|
| শ্রেয়াস ক ইয়ং বো সাউদি | ১০৫ |
| জাদেজা বো সাউদি | ৫০ |
| ঋদ্ধিমান ক ব্লুন্ডেল বো সাউদি | ১ |
| অশ্বিন বো আজাজ | ৩৮ |
| অক্ষর ক ব্লুন্ডেল বো সাউদি | ৩ |
| উমেশ অপরাজিত | ১০ |
| ইশান্ত এলবিডব্লিউ আজাজ | ০ |
| **অতিরিক্ত** | ১২ |
| **মোট** (১১১.১ ওভার, ১০ উইকেট) | ৩৪৫ |

**পতন:** ২৬৬-৫ (জাদেজা ৮৭), ২৮৮-৬ (ঋদ্ধিমান ৯২.২), ৩০৫-৭ (শ্রেয়স ৯৬.১), ৩১৩-৮ (অক্ষর ৯৮.৬), ৩৩৯-৯ (অশ্বিন ১০৯.২), ৩৪৫-১০ (ইশান্ত ১১১.১)

**বোলিং:** সাউদি ২৭.৪-৬-৬৯-৫, জেমিসন ২৩.২-৬-৯১-৩, আজাজ ২৯.১-৭-৯০-২, সোমেরভিলে ২৪-২-৬০-০, রচিন ৭-১-২৮-০


**নিউজিল্যান্ড ব্যাটিং**

| | |
|---|---|
| ল্যাথাম অপরাজিত | ৫০ |
| ইয়ং অপরাজিত | ৭৫ |
| **অতিরিক্ত** | ৪ |
| **মোট** (০ উইকেট, ৫৭ ওভার) | ১২৯ |

**বোলিং:** ইশান্ত ৬-৩-১০-০, উমেশ ১০-৩-২৬-০, অশ্বিন ১৭-৫-৩৮-০, জাদেজা ১৪-৪-২৮-০, অক্ষর ১০-১-২৬-০

## অস্ট্রেলিয়ার ইতিহাসে প্রথমবার বোলার অধিনায়ক

**সিডনি, এপি:** অস্ট্রেলিয়ান ক্রিকেটে ইতিহাস। ক্রিকেট ইতিহাসে এই প্রথমবার কোনো বোলার তাদের অধিনায়ক হলেন। সেক্সটিং কাণ্ডে নাম জড়ানোর পর টিম পেইন অস্ট্রেলিয়ার অধিনায়কের পদ থেকে সরে দাঁড়িয়েছিলেন। এরপরই খোঁজ শুরু হয় নতুন ক্যাপ্টেনের। সেই দৌড়ে এগিয়ে ছিলেন অস্ট্রেলিয়ার জোরে বোলার প্যাট কামিন্স ও অস্ট্রেলিয়ার এক সময়ের অধিনায়ক স্টিভ স্মিথ। তবে শেষ পর্যন্ত কামিন্সেই আস্থা রাখল অজি ক্রিকেট বোর্ড। অ্যাসেজ সিরিজে দলকে নেতৃত্ব দেবেন প্যাট। আর অজিদের সহ-অধিনায়ক হিসেবে নির্বাচিত হয়েছে স্মিথ। প্যাট কামিন্স প্রায় দু’বছর ধরে অস্ট্রেলিয়ার সহ-অধিনায়কের পদে ছিলেন। তবে তাঁর জন্য অধিনায়কের দায়িত্বে আসাটা সহজ হয়নি। পেইন সরে দাঁড়ানোর পর অস্ট্রেলিয়া ক্রিকেট বোর্ডের তরফে পাঁচ সদস্যের একটি প্যানেল তৈরি করা হয়। সেখানে কামিন্স ও স্মিথকে ইন্টারভিউ দিতে হয়েছিল। সব শেষে অস্ট্রেলিয়ার টেস্ট দলের ৪৭তম অধিনায়ক হলেন প্যাট কামিন্স। অস্ট্রেলিয়ার ক্রিকেটে ৬৫ বছর পর প্রথমবারের মতো কোনো পেসার পেলেন অধিনায়কত্বের দায়িত্ব। সবশেষ ১৯৫৬ সালে রে লিন্ডওয়াল নেতৃত্ব দিয়েছিলেন অস্ট্রেলিয়া দলকে। নিজের ৬১ ম্যাচের কেরিয়ারে একটি মাত্র টেস্টেই অস্ট্রেলিয়ার অধিনায়কত্ব করেছিলেন লিন্ডওয়াল।



## হার ভারতের

**মানাউস, এপি:** ব্রাজিলের বিরুদ্ধে হেরে গেল ভারতের মেয়েরা। মানাউসে আন্তর্জাতিক টুর্নামেন্টে ১-৬ গোল হজম করল অদিতি চৌহানরা। হারলেও এই ম্যাচ ভারতকে অনেক কিছু শিখিয়ে গেল। দেশে এএফসি এশিয়ান কাপের মূলপর্বে ভালো পারফর্ম করার জন্য প্রস্তুতি হিসেবেই এই টুর্নামেন্টে অংশগ্রহণ করেছে ভারত। প্রথম ম্যাচে হারলেও ঘুরে দাঁড়াতে মরিয়া মণীশা কল্যাণরা। ভারতীয় টিমের কোচ থমাস ডিনার্বি সেই আশাই রাখছেন। মেয়েদের বিশ্ব ফুটবল র‌্যাঙ্কিংয়ে ব্রাজিল প্রথম দশে থাকা দল। সেখানের ভারতের র‌্যাঙ্কিং ৫৭। ২৯ নভেম্বর ভারতের দ্বিতীয় ম্যাচ চিলির বিরুদ্ধে।

**দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার**

টেন্ডার নম্বর ঃ টি-পাব-জিআরসি-২০২১-৩৩৪, তারিখ ২৫.১১.২০২১। ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিভিশনাল ইঞ্জিনিয়ার, দঃপূঃ রেলওয়ে, গার্ডেনরিচ, কলকাতা-৭০০০৪৩ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন যা আইটেমের প্রেক্ষিতে উল্লেখিত তারিখে দুপুর ৩টা পর্যন্ত জমা নেওয়া হবে ও দুপুর ৩.৩০টায় খোলা হবে। **কাজের বিবরণ ঃ** এডিইএন/সেট্‌লমেন্ট, দঃপূঃরেলওয়ে, গার্ডেনরিচের অধীনে নর্থ কলোনির ১১ নং বাংলোতে লিফ্ট পর্যন্ত অ্যাক্সেস প্যাসেজ ও একতলা থেকে নতুন লিফ্ট চালাতে ডাক্ট তৈরি করে রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে একটি মেটিরিয়াল লিফ্ট স্থাপন, চালুকরণের জন্য সহায়ক পূর্ত ইঞ্জিনিয়ারিং কাজ। **টেন্ডার মূল্যমান** ঃ ১৮,২১,৭৬৪.৪৯ টাকা। **বায়নামূল্য** ঃ ০। **টেন্ডার নথিপত্রের মূল্য** ঃ ০। **খোলার তারিখ** ঃ ২০.১২.২০২১। **কাজ শেষ করার সময়সীমা** ঃ ০৩ (তিন) মাস। টেন্ডার শিডিউলে কোনও পরিবর্তন, সংশোধনী, অ্যামেন্ডমেন্ট, যদি থাকে, কেবলমাত্র ই-টেন্ডার পোর্টালে পাওয়া যাবে এবং পুনরায় সংবাদপত্রে প্রকাশ করা হবে না। আগ্রহী টেন্ডারদাতারা টেন্ডারের সম্পূর্ণ বিবরণ/বর্ণনা/স্পেসিফিকেশনের জন্য ওয়েবসাইট **www.ireps.gov.in** দেখতে এবং অনলাইন বিড জমা করতে পারেন। কোনভাবেই এই কাজগুলির জন্য ম্যানুয়াল টেন্ডার গ্রাহ্য হবে না। **দ্রষ্টব্য ঃ** সম্ভাব্য বিডাররা সব টেন্ডারে অংশ নিতে নিয়মিত **www.ireps.gov.in** দেখতে পারেন। হেল্পডেস্কের যোগাযোগ নম্বর ঃ ০৩৩-২৪৫০-৩৭৮৩। (PR-443)

**একজানালায়**

বীরভূম, মুর্শিদাবাদ, মালদহ পুরুলিয়া ও বাঁকুড়ার জন্য কর্মসংস্থান, সাফল্য Appointment & Career News ও সুখবর-এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**

UNIQUE MEDIA CHANNEL
“Uttaran”, Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**

Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**

SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 9830261403
Ph. : 033 2533 5320
Email : ashimchowdhury12@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে -
9830795430
appointmentnews@gmail.com

**ম্যাকনালি সয়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড**

(CIN) : L28999WB1943PLC133247
রেজিস্টার্ড অফিস : ইকোস্পেস, ক্যাম্পাস ২বি, ১১এফ/১২, নিউটাউন, রাজারহাট, কলকাতা - ৭০০১৬০
ফোন : +৯১-৩৩-৩০১৪ ১২১৩, ফ্যাক্স : +৯১-৩৩-৩০১৪ ২৩৯৩,
ই-মেল : mse.corp@mbecl.co.in, ওয়েবসাইট : http://www.mcnallysayaji.com

**ম্যাকনালি সয়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড এর ৭৭তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড ২০১৬ (“আইবিসি ২০১৬” / “দ্য কোড”) এর সেকশন ৭ এর অধিকারবলে আইসিসিআই ব্যাঙ্ক লিমিটেডের দাখিল করা কোম্পানি পিটিশন নং- সিপি(আইবি) ১৩১ / এবি / ২০২০ অনুযায়ী, কোম্পানি ল ট্রাইবুনাল এর (“এনসিএলটি”) কলকাতা বেঞ্চ থেকে বিজ্ঞাপিত ১১.০২.২০২১ তারিখের বিজ্ঞপ্তি (“ইনসলভেন্সি কমেন্সমেন্ট অর্ডার”) অনুযায়ী, উক্ত কোম্পানির কর্পোরেট ইনসলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া (“সিআইআরপি”) চালু করা হয়েছে ও এই মর্মে সিএ জিতেন্দ্র লোহিয়াকে (“আইপি রেজিস্ট্রেশন নং আইবিবিআই / পিএ / পি০০১৭০ / ২০১৭-১৮ / ১০৩৩৯”) উক্ত আইনের ধারা অনুযায়ী ইন্টারিম রেজোলিউশন প্রফেশনাল (আইআরপি) হিসাবে কোম্পানির এই ব্যাপারের কাজ সামলাতে নিযুক্ত করা হয়েছে।
যথারীতি, নয়াদিল্লিতে ন্যাশনাল কোম্পানি ল অ্যাপেলেট ট্রাইবুনালের (“এনসিএলএটি”) প্রিন্সিপ্যাল বেঞ্চের কাছে মাননীয় এনসিএলটি, কলকাতা বেঞ্চের উপরোক্ত বিজ্ঞপ্তির ওপর আবেদন করা হয়েছে। এই অনুযায়ী, এনসিএলএটি কোনো কমিটি অফ ক্রেডিটর্স (“সিওসি”) এর আদেশ এখনো পর্যন্ত দেয়নি। যথারীতি উক্ত আইনের সেকশন ১৭ অনুযায়ী কোম্পানির পরিচালক পর্ষদের ক্ষমতা সিআইআরপি পদ্ধতি চালু করার পর রদ হয়েছে যা আইআরপি হিসাবে নিযুক্ত সিএ জিতেন্দ্র লোহিয়া সমর্থন করেছে। কোম্পানির পরিচালকমণ্ডলীর বিভিন্ন ধরনের কাজ এখন থেকে ইন্টারিম রেজোলিউশন প্রফেশনালের এক্তিয়ারে থাকবে।
রেজিস্ট্রার অফ কোম্পানিজ, পশ্চিমবঙ্গের কাছে উক্ত কোম্পানি এই মর্মে আবেদন করেছে যে, ৩১.০৩.২০২১ তারিখে সমাপ্ত আর্থিক বর্ষের বার্ষিক সাধারণ সভার তারিখ, সর্বশেষ অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার তারিখের পর থেকে ৩ মাসের জন্য পিছিয়ে দেওয়া হোক। সেইমতো রেজিস্ট্রার অফ কোম্পানিজ, পশ্চিমবঙ্গের শাখা ০৬.০৯.২০২১ তারিখে লেখা চিঠির মাধ্যমে ৩১.১২.২০২১ তারিখ পর্যন্ত উপরোক্ত উল্লিখিত বার্ষিক সাধারণ সভা পিছিয়ে দিয়েছে।
সেইমতো রেজিস্ট্রার অফ কোম্পানিজ, পশ্চিমবঙ্গের শাখার এই তারিখ বাড়ানোর ব্যাপারে মতামত জানার জন্য মেসার্স ম্যাকনালি সয়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড (“দ্য কোম্পানি”) এর ৭৭তম বার্ষিক সাধারণ সভা (“এজিএম”) ভিডিও কনফারেন্সিং / আদার অডিও-ভিসুয়াল মিন্স (“ভিসি / ওএভিএম”) এর মাধ্যমে আগামী বৃহস্পতিবার, ২৩.১২.২০২১ তারিখে দুপুর ৩টেয় অনুষ্ঠিত হবে। কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর প্রযোজ্য প্রভিশন ও এই ধারার অধীনে বর্ণিত অন্যান্য নিয়মানুযায়ী, লিস্টিং রেগুলেশন্স অ্যান্ড সার্কুলার্স তারিখ ০৫.০৫.২০২০ সহ ৮.৪.২০২০ তারিখের সার্কুলার, ১৩.০৪.২০২০ তারিখের সার্কুলার, ১৩.০১.২০২১ তারিখে জারি করা মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্সের সার্কুলার (এখানে একত্রে এমসিএ সার্কুলার বলে উল্লেখ করা হচ্ছে) এবং ১২.০৫.২০২০ ও ১৫.০১.২০২১ তারিখের সেবি সার্কুলার অনুযায়ী কোম্পানির ব্যবসায়িক কার্যকলাপের ব্যাপারে আলোচনা করার জন্য বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে।
এমসিএ সার্কুলার অনুযায়ী উক্ত এজিএম-এ যেসব বিষয় উল্লিখিত হবে সেইসব ব্যাপারে বিশদ তথ্য নীচে দেওয়া হল :
(ক) উক্ত অ্যাক্ট সহ এমসিএ সার্কুলার অনুযায়ী, কোম্পানির ৭৭ তম এজিএম ভিসি / ওএভিএম-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।
(খ) ভিসি / ওএভিএম-এর মাধ্যমে অনুষ্ঠিত এজিএম এর তারিখ ও সময় : বৃহস্পতিবার, ২৩.১২.২০২১, দুপুর ৩টে থেকে।
(গ) এজিএম এর বিজ্ঞপ্তি সহ কোম্পানির বার্ষিক বিবরণ (৩১.০৩.২০২১ তারিখে শেষ হওয়া অর্থবর্ষ) কোম্পানির সদস্যদের নথিভুক্ত ই-মেলে (যা কোম্পানি / ডিপোজিটরিসের কাছে আছে) পাঠিয়ে দেওয়া হবে।
এজিএম এর বিজ্ঞপ্তি সহ এই সাধারণ সভার সূচী কোম্পানির ওয়েবসাইট তথা www.mcnallysayaji.com-এ ও www.msei.in অর্থাৎ মেট্রোপলিটন স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (যে স্টক এক্সচেঞ্জে কোম্পানির শেয়ার নথিভুক্ত আছে) এর ওয়েবসাইটে পাওয়া যাবে।
যেসব সদস্যদের শেয়ার বৈদ্যুতিন ভাবে আছে ও যাঁদের শেয়ার কোম্পানির রেজিস্ট্রারের কাছে ফিজিক্যাল ফর্মে আছে তাঁরা তাঁদের ই-মেল আইডি কোম্পানির ডিপোজিটরি পার্টিশিপেন্টের কাছে নথিভুক্ত করতে পারেন, যাতে তাঁরা উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশাবলী সহ ইউজার আইডি ও পাসওয়ার্ডের সফট কপি পান।
(ঘ) ই-মেল আইডি নথিভুক্ত করার প্রক্রিয়া :
**ফিজিক্যাল শেয়ারহোল্ডারদের জন্য** - সদস্যদের এই মর্মে অনুরোধ করা হচ্ছে যে, তাঁরা যেন তাঁদের ই-মেল আইডি নথিভুক্তকরণ, প্যানের আপগ্রেডেশন কোম্পানির রেজিস্ট্রারের ওয়েবসাইটে সরাসরি গিয়ে করতে পারেন ও শেয়ার ট্রান্সফার এজেন্ট মেসার্স মাহেশ্বরী ডেটাম্যাটিক্স প্রাইভেট লিমিটেডের এই ওয়েবসাইটের, http://mdpl.in/form-এর লিঙ্কে গিয়ে বিশদ তথ্য যথা ফোলিও নম্বর, শেয়ারহোল্ডারের নাম, শেয়ার সার্টিফিকেটের স্ক্যান করা কপি (সামনে ও পেছন), প্যান (স্বপ্রত্যয়িত স্ক্যান কপি) / আধার কার্ড (স্বপ্রত্যয়িত স্ক্যান কপি) দিয়েও করতে পারেন।
**ডিম্যাট শেয়ারহোল্ডারদের জন্য** - সদস্যদের অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন সংশ্লিষ্ট ডিপোজিটরির কাছে নিজেদের ডি-ম্যাট অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্যাবলী যথা ডিম্যাট অ্যাকাউন্ট এর বিশদ বিবরণ (সিডিএসএল-১৬ সংখ্যার বেনিফিসিয়ারি আইডি ও এনএসডিএল-১৬ সংখ্যার ডিপিআইডি + সিএলআইডি), নাম, ক্লায়েন্ট মাস্টার অথবা একত্রিত অ্যাকাউন্ট স্টেটমেন্ট এর কপি, প্যান (স্বপ্রত্যয়িত স্ক্যান কপি) / আধার কার্ড (স্বপ্রত্যয়িত স্ক্যান কপি) কোম্পানি / আরটিএ’র ই-মেল আইডিতে ই-মেল করে জানান।
(ঙ) সদস্যদের অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন তাঁদের ব্যাঙ্কের সম্পূর্ণ তথ্যাবলী (যদি ভবিষ্যতে কোনো সময় লভ্যাংশ পাঠানোর থাকে) নথিভুক্ত / আপডেট করেন নিম্নলিখিত তথ্য সহ :
- তাঁদের ডিপোজিটরি পার্টিশিপেন্ট (গুলি), যদি বৈদ্যুতিন মাধ্যমে শেয়ারের অধিকারী হন এবং
- কোম্পানির রেজিস্ট্রারের কাছে (১) স্বাক্ষরিত অনুরোধ পত্রের স্ক্যান কপি যাতে সদস্যের নাম, ফোলিও নং, ব্যাঙ্কের বিবরণ (ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, ব্যাঙ্ক ও ব্রাঞ্চের নাম- ঠিকানা, আইএফসি, এমআইসিআর বিবরণ), (২) প্যান কার্ডের স্বপ্রত্যয়িত কপি এবং (৩) আরটিএ’র ওয়েবসাইটে তোলা ক্যানসেল্ড চেকের পাতা (http://mdpl.in/form/nach-mandate) যদি ফিজিক্যাল মোডে শেয়ার থেকে থাকে।
(চ) এজিএম এর বিজ্ঞপ্তিতে বৈদ্যুতিন মাধ্যমে ভোটিং (“রিমোট ই-ভোটিং”) পদ্ধতি বিশদে বলা আছে। সদস্যদের এই মর্মে অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন এই ব্যাপারে এজিএম-এ বিজ্ঞাপিত সব নির্দেশাবলী, এজিএম-এ অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী সহ রিমোট ই-ভোটিং অথবা এজিএম-এর সময় ই-ভোটিং পদ্ধতিতে ভোটদান প্রক্রিয়া সম্বন্ধে মনোযোগ সহকারে পড়েন।

স্থান : কলকাতা
তারিখ : ২৬.১১.২০২১

ম্যাকনালি সয়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড-এর পক্ষে
সৈকত ঘোষ
কোম্পানী সচিব

**রবিবারীয়**

সুখবর ■ ২৮ নভেম্বর, ২০২১ ■ রবিবার

১২ পাতার কাগজের মধ্যেই এখন ৪ পাতা রবিবারীয়

এবারের বিষয়

**ছায়াছবির প্রথম দেবদাস প্রমথেশ**



বাংলা ছবির সবাক যুগের গোড়ার দিককে বলা হত প্রমথেশ যুগ। আগামী সোমবার তাঁর ৭১তম মৃত্যুবার্ষিকী। বাংলা ছায়াছবিতে নায়ক ও নির্দেশক প্রমথেশ বড়ুয়ার কৃতিত্ব তুলে ধরছেন ড. শঙ্কর ঘোষ



**রম্যরচনা**
নটবর টি হাউস
সুদীপকুমার চক্রবর্তী



**ফিচার**
রাঢ়বঙ্গে মুঠ উৎসব
সুকমল দালাল



**গল্প**
রঞ্জয়বাবুর বন্ধু
সহেলী চট্টোপাধ্যায়



**ফিচার**
বাঁকুড়ায় বিপ্লবের আঁতুড়ঘর ছেঁদাপাথর
ড. সুবীর মণ্ডল

**প্রবাদ-প্রবচন**
কে ছিলেন হরি ঘোষ
ইন্দিরা মুখোপাধ্যায়

**ফিচার**
ভোলা গির্জা ধ্বংসের মুখে
অরিন্দম ঘোষ



**ফিচার**
বাঁকুড়ার প্রবাদপ্রতিম গোবিন্দপ্রসাদ সিংহ
নিশীথ সিংহ রায়



**ভ্রমণ**
বনজ্যোৎস্নায় বিহারীনাথে
রামপ্রসাদ সরকার

বিপ্লবী রাসবিহারী বসুর আদর্শ ও লড়াইয়ের ধারাবাহিক অপরাজেয় রাসবিহারী